

💵 ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ রাস্তার আদব রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

পথিকের পথ চলতে বাধাসৃষ্টিকারী অথবা কষ্টদানকারী কোন জিনিস পথে ফেলবেন না

পথিকের পথ চলতে বাধাসৃষ্টিকারী অথবা কষ্টদানকারী কোন জিনিস (ভাঙ্গা ডাল, মোটা পাথর, কাঁটা, কাঁচ, কোন নোংরা জিনিস, কলার ছাল ইত্যাদি) পথে ফেলবেন না। পড়ে থাকলে তা দূর করে দিন। এ কাজে আপনার স্টমানের পরিচয় পাওয়া যাবে এবং তাতে সদকাহ পরিমাণ সওয়াবও পাবেন।

আল্লাহর রসূল (ﷺ) বলেন, "ঈমান হল ষাট অথবা সত্তরাধিক শাখাবিশিষ্ট। তার মধ্যে সর্বশ্রেষ্ঠ শাখা হল, 'লা ইলাহা ইল্লাল্লাহ' বলা, সবচেয়ে ছোট শাখা হল, রাস্তা থেকে কষ্টদায়ক বস্তু দূর করা। আর লজ্জা হল ঈমানের একটি শাখা।"[1]

আল্লাহর রাসুল (ﷺ) বলেন, "মানবদেহে ৩৬০টি গ্রন্থি আছে। প্রত্যেক ব্যক্তির উপর ঐ প্রত্যেক গ্রন্থির পক্ষ থেকে দেয় সদকাহ রয়েছে।" সকলে বলল, 'এত সদকাহ দিতে আর কে সক্ষম হবে, হে আল্লাহর রসূল?' তিনি বললেন, "মসজিদ হতে কফ (ইত্যাদি নোংরা) দূর করা, পথ হতে কষ্টদায়ক বস্তু (কাঁটা-পাথর প্রভৃতি) দূর করা এক একটা সদকাহ। যদি তাতে সক্ষম না হও, তবে দুই রাকআত চাপ্তের নামায় তোমার সে প্রয়োজন পূর্ণ করবে।"[2]

এ কাজে আপনার পাপও ঝরে যাবে। আল্লাহর রাসুল (ﷺ) বলেন, "এক ব্যক্তি রাস্তায় চলতে চলতে তাতে একটি কাঁটার ডাল পেল, সে সেটিকে সরিয়ে দিল। আল্লাহ তার এই কাজের কদর করলেন এবং তাকে পাপমুক্ত করে দিলেন।"[3]

এক ব্যক্তি বলল, হে আল্লাহর নবী! আমাকে এমন একটি আমল বলে দিন, যার দ্বারা আমি উপকৃত হতে পারব। তিনি বললেন, "মুসলিমদের রাস্তা থেকে কষ্টদায়ক বস্তু দূর কর।"[4]

ফুটনোট

- [1]. মুসলিম আল-মাকতাবাতুশ-শামেলা হা/৩৫, আবূ দাউদ, তিরমিয়ী প্রমুখ
- [2]. আহমাদ, আবু দাউদ, ইবনে খুযাইমাহ, ইবনে হিববান, সহীহ তারগীব ৬৬১
- [3]. বুখারী, মুসলিম আল-মাকতাবাতুশ-শামেলা হা/১৯১৪
- [4]. মুসলিম আল-মাকতাবাতুশ-শামেলা হা/২৬১৮



• Source — https://www.hadithbd.com/books/link/?id=7965

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন